

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 06-06-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

NDA Meeting :

National Democratic Alliance NDA-র পক্ষ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে সর্বসম্মতভাবে নেতা নির্বাচিত করা হয়েছে। গতকাল নয়াদিল্লিতে এন.ডি.এ-র এক বৈঠকে এব্যাপারে এক প্রস্তাব গৃহীত হয়। প্রস্তাবে উল্লেখ করা হয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গত ১০ বছরে এন.ডি.এ সরকারের সময়ে সারা দেশে প্রভূত উন্নয়ন লক্ষ্য করা গেছে। প্রস্তাবে আরো উল্লেখ করা হয়, দেশবাসী তৃতীয় বারের জন্য একটি মজবুত সরকার গঠনের রায় দিয়েছে। গত ৬ দশকে দেশে এই প্রথম তৃতীয় বছরের জন্য দেশবাসী একই সরকার গঠনের রায় দিল। বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, তৃতীয় বারের জন্য এন.ডি.এ সরকার গঠনের রায় একটি ঐতিহাসিক রায়।

President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল সপ্তদশ লোকসভা ভেঙে দিয়েছেন। তার আগে, কেন্দ্রীয় মন্ত্রিসভা গতকাল বিকেলে অনুষ্ঠিত বৈঠকে রাষ্ট্রপতিকে অবিলম্বে সপ্তদশ লোকসভা ভেঙে দেওয়ার পরামর্শ দেয়।

রাষ্ট্রপতি গতকাল বিদায়ী মন্ত্রিসভার জন্য একটি নৈশভোজের আয়োজন করেছেন।

PM, Resignation :

প্রধানমন্ত্রী, নরেন্দ্র মোদি গতকাল রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে দেখা করেছেন এবং কেন্দ্রীয় মন্ত্রী পরিষদের সঙ্গে তাঁর পদত্যাগপত্র জমা দিয়েছেন। রাষ্ট্রপতি পদত্যাগপত্র গ্রহণ করেন এবং নতুন সরকার গঠন না হওয়া পর্যন্ত প্রধানমন্ত্রী ও কেন্দ্রীয় মন্ত্রী পরিষদকে দায়িত্বে থাকার অনুরোধ করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল উপরাষ্ট্রপতি জগদীপ ধনখরের সঙ্গেও দেখা করেন।

Panchyat Election :

রাজ্যে আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য রাজ্য নির্বাচন কমিশন আজ খসড়া ভোটার তালিকা প্রকাশ করবে। আজ থেকেই খসড়া ভোটার তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহণের কাজ শুরু হবে। তা চলবে আগামী ১৩ই জুন পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ আগামী ১৪ই জুন থেকে ১৮ই জুনের মধ্যে সম্পন্ন হবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ২৪শে জুন।

World Environment Day-Governor :

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল রাজভবনে একটি রুদ্রাক্ষ গাছের চারা রোপণ করেন। বিকালে এই বৃক্ষরোপণ অনুষ্ঠানে রাজ্যপালের সচিব ইউ কে চাকমা এবং অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

World Environment Day-Khowai :

বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষে গতকাল খোয়াই জেলা জুড়ে বন দপ্তরের উদ্যোগে বৃক্ষ রোপনের উদ্যোগ গ্রহণ করা হয়। বন দপ্তরের উদ্যোগে জেলায় পাঁচ হাজার চারা বৃক্ষ রোপণ করা হয়। গতকাল খোয়াই জেলা সদরের গণকী জাতীয় সড়ক এলাকায় বৃক্ষরোপণ করা হয়। এদিনের আয়োজিত কর্মসূচিতে উপস্থিত ছিলেন জেলা শাসক চাঁদনী চন্দ্রন, জেলা পুলিশ সুপার ডক্টর রমেশ যাদব, ডি এফ ও এ কে অদ্র, খোয়াই মহকুমা শাসক মেঘা জৈন সহ অন্যান্যরা।

Admission in degree college :

রাজ্যের সরকারি সাধারণ ডিগ্রি কলেজে প্রথম বর্ষে ভর্তির জন্য উচ্চ শিক্ষা দপ্তর থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। দপ্তরের অধিকর্তা গতকাল ভর্তি সংক্রান্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, আজ থেকেই বিএ, বিএসসি, বিকম কোর্সে অনলাইনে ভর্তির আবেদন গ্রহণ করা হবে। তা চলবে আগামী ১১ জুন রাত ১২ টা পর্যন্ত। প্রথম মেধা তালিকা এবং অপেক্ষমান ছাত্রছাত্রীদের তালিকা প্রকাশিত হবে আগামী ১৮ই জুন বিকাল ৩ টায়। প্রথম রাউন্ডে মেধা তালিকা অনুযায়ী ২০ থেকে ২৫ জুন পর্যন্ত ভর্তি

নেওয়া হবে। দ্বিতীয় রাউন্ডে ভর্তির জন্য অপেক্ষমান ছাত্রছাত্রীদের তালিকা প্রকাশিত হবে আগামী ৩ জুলাই বিকাল ৩টায়। এই ভর্তি প্রক্রিয়া চলবে আগামী ৫ জুলাই থেকে ১০ জুলাই পর্যন্ত। কলেজে পঠন পাঠন শুরু হবে আগামী ২৪ জুলাই থেকে।

West Bengal Joint Entrance Examination :

পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হবে। ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এগজামিনেশন বোর্ডের পক্ষ থেকে জানানো হয়েছে, আজ দুপুর আড়াইটে নাগাদ ফলাফল প্রকাশ করা হবে। পরীক্ষার্থীরা বিকেল চারটে থেকে www.wbjeeb.nic.in এবং www.wbjee.in থেকে ফলাফল দেখতে পারবে।

Special Awareness programme-Thakurchera :

দক্ষিণ জেলা আইনসেবা কতৃপক্ষের উদ্যোগে গতকাল জোলাইবাড়ি ব্লকের ঠাকুরছড়া গ্রাম পঞ্চায়েতে এক বিশেষ আইনী সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে পরিবেশ আইন ও ন্যায়বিচার মেনে সরকারি নিয়মে বর্জ্য ব্যবস্থাপনা - বিষয়ে আলোচনা করেন আইনজীবী বাপ্পা পাল। ঠাকুরছড়া গ্রাম পঞ্চায়েতে প্রধান আখু মগ সহ অন্যান্যরা। আইনী স্বেচ্ছাসেবী রাজীব ভৌমিক ও মিস্ট্র শীল শিবির পরিচালনা করেন।

Drowning Prevention Month-North :

জুন মাসকে 'জলে ডোবা প্রতিরোধ মাস' হিসেবে পালন করার প্রস্তুতি নেওয়া হয়েছে উত্তর ত্রিপুরা জেলায়। এই উপলক্ষে সম্প্রতি জেলার জেলাশাসক কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস জানান, জলে ডুবে যাওয়া বা জলে ডুবে মৃত্যু প্রতিরোধে জুন মাসে বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হবে। তাছাড়া জেলায় জলে ডুবে মৃত্যুর প্রতিরোধে জনসাধারণকে সচেতন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মীগণ ও স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ দেওয়া হবে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত: মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রী সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।
